



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

তারিখ: ৩০ সেপ্টেম্বর, ২০১৮

আজ ৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৩টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটোরিয়ামে ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি (এফইটি) বিভাগের 'এফইটি কালচারাল ইভিনিং' অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রথম পর্বে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের নবীন শিক্ষার্থীদের বরণ করা হয়। এসময় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমাদের প্রথম কাজ হচ্ছে লেখাপড়া করা। কখনই পরীক্ষায় ড্রপ দিবে না। আর আমরা ইতোমধ্যে তোমাদের ড্রপের সুযোগ বন্ধ করে দিয়েছি। আমরা ব্যবস্থা নিয়েছি, যাতে তোমরা নির্দিষ্ট সময়ের মধ্যেই তোমাদের গ্র্যাজুয়েশন শেষ করতে পার।

তিনি আরো বলেন, শিক্ষার্থীদেরকে র্যাগিংয়ের ব্যাপারে সতর্ক থাকতে হবে। ইতোমধ্যে র্যাগিংয়ের সাথে জড়িত বেশ কয়েকজন শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তোমাদের মনে রাখতে হবে, এ ক্যাম্পাসে র্যাগিং অতিতের একটি বিষয়। কোন শিক্ষার্থী র্যাগিংয়ের সাথে জড়িত হলে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শাস্তি প্রদানের পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীর হাতে তাদেরকে তুলে দেয়া হবে।

এফইটি বিভাগের প্রধান প্রফেসর ড. ইফতেখার আহমদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস ও স্কুল অব এপ্লাইড সায়েন্সেস এন্ড টেকনোলজির ডিন প্রফেসর ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেছ। এতে অন্যান্যর মধ্যে বক্তব্য রাখেন এফইটি বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. মোজাম্মেল হক, এফইটি সোসাইটির কোষাধ্যক্ষ ড. রওশন আরা ও সহ-সভাপতি জাহিদ হাসান সৌরভ, ১৩তম ব্যাচের শিক্ষার্থী আমজাদ পাটোয়ারি এবং ২০১৭-১৮ ব্যাচের শিক্ষার্থী ফাহিমদা সিদ্দিকী।

দ্বিতীয় পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।